দৈনিক আমাদের সময়

তারিখ: 02 OCT 2016
পৃষ্ঠা ... কলাম ...

বরিশালে শিক্ষামন্ত্রী

# শিক্ষা প্রতিষ্ঠানে অনুপস্থিত মানেই জঙ্গি নয়

**বরিশাল প্রতিনিধি** ● শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেছেন, দেশের মোট জনসংখ্যার এক তৃতীয়াংশ শিক্ষা পরিবারের সদস্য। তাই কোনো শিক্ষক-শিক্ষার্থী যেন বিপদগামী না হয়, সেদিকে সবাইকে খেয়াল রাখতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানে ১০ দিনের বেশি কেউ অনুপস্থিত থাকলে তার বিষয়ে খোঁজ নিতে হবে। তবে এর মানে এই নয় সে জঙ্গি। গতকাল সকালে বরিশাল সরকারি ব্রজমোহন (বিএম) কলেজে বীরশ্রেষ্ঠ ক্যাপ্টেন মহিউদ্দিন জাহাঙ্গীর অডিটোরিয়ামে 'শিক্ষার উন্নত পরিবেশ, জঙ্গিবাদমুক্ত শিক্ষাঙ্গন শীর্ষক মতবিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন।

মন্ত্রী আরও বলেন, জঙ্গিবাদ কখনো ইসলাম কায়েমের পথ হতে পারে না। একটি গোষ্ঠী দেশের মেধাবী তরুণদের ইসলাম কায়েম এবং বেহেশতে যাওয়ার বিভ্রান্তিমূলক তথ্য দিয়ে জঙ্গিবাদে জড়াচ্ছে। তাদের ব্যাপারে সবাইকে সচেতন থাকতে হবে। সামাজিক সচেতনতার মাধ্যমে জঙ্গিবাদকে নির্মূল করতে হবে। গড়ে তুলতে হবে সামাজিক আন্দোলন।

বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যান মু. জিয়াউল হকের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন বরিশাল জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক অ্যাডভোকেট তালুকদার মো. ইউনুস এমপি, জেবুন্নেছা আফরোজ এমপি, শিক্ষা মন্ত্রণালয়ের সচিব সোহরাব হোসেন, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক (ভারপ্রাপ্ত) শামসুল হুদা, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের মহাপরিচারক বিল্লাল হোসেন, বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. এসএম ইমামুল হক, বরিশাল বিভাগীয় কমিশনার মো. গাউস, বরিশাল মেট্রোপলিটন কমিশনার এসএম রুহুল আমিন, বরিশাল জেলা প্রশাসক ড. গাজী মো. সাইফুজ্জামান প্রমুখ।